



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

প্রকা/আরএমডি-(৩০)/২০১৬-২০১৭/১২৫৩

তারিখ : ১৯-০৯-২০১৬ ইং

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : পরিচালনা পর্ষদের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী CAMELS Rating ও Risk Management Rating এর মান পর্যায়ক্রমে সন্তোষজনক মানে উন্নীতকরণের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন ও পরিপালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর ২৭-১০-২০১৩ তারিখের বি আর পি ডি সার্কুলার নং ১১ মোতাবেক ব্যাংকের বিভিন্ন কার্যক্রমের ঝুঁকি নিরূপণ পূর্বক তা প্রশমনের কর্ম পরিকল্পনা ও কৌশলগত পদক্ষেপ এবং গৃহীত ব্যবস্থা সময়ে সময়ে পরিচালনা পর্ষদের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির বরাবরে উপস্থাপনের নির্দেশনা দেয়া হয়েছে। সেই নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকে এ পর্যন্ত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৭টি সভা অনুষ্ঠিত হয়। গত ২৭-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সপ্তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, "CAMELS Rating ও Risk Management Rating এর মান পর্যায়ক্রমে সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে কর্ম পরিকল্পনা বাস্তবায়নের জন্য বিভাগীয় কার্যালয় / মুখ্য আঞ্চলিক কার্যালয় / আঞ্চলিক কার্যালয় ও শাখা সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান পূর্বক তদারকী জোরদার করতে হবে"।

০২। CAMELS Rating ও Risk Management Rating এর মান উন্নীতকরণের জন্য Capital Adequacy, Asset Quality, Earnings Capacity, Liquidity, Management Quality ইত্যাদি নির্ণায়কের মান পর্যায়ক্রমে উন্নত করতে হবে।

ক। Capital Adequacy:

মূলধন পর্যাপ্ততার হার বর্তমানে বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুযায়ী ১০.৬২৫% কিন্তু কৃষি ব্যাংকের বর্তমানে এই হার (-) ৪৩.২৮%। এই ঋনাত্মক হার হতে ধনাত্মক পর্যায়ে উন্নীত করার জন্য নিম্ন লিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে :

- ১) ব্যাংকের মূলধন ঘাটতি পূরনের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে পুনরায় অনুরোধ করে মূলধন প্রাপ্তির চেষ্টা করা।
- ২) সরকারের নিকট ব্যাংকের দাবিসমূহ আদায়ের পদক্ষেপ গ্রহণ করে দাবী আদায়ের ব্যবস্থা গ্রহণ করা।
- ৩) ব্যাংকের আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাসের মাধ্যমে লোকসান ক্রমান্বয়ে হ্রাস করা এবং
- ৪) শ্রেণীকৃত ঋণ আদায়ের মাধ্যমে ব্যাংকের প্রয়োজনীয় প্রতিশনের পরিমাণ হ্রাস করা।

বাংলাদেশ কৃষি ব্যাংকের মূলধন ঘাটতির অন্যতম কারণ হলো ক্রমপুঞ্জীভূত লোকসান ও শ্রেণীকৃত ঋণের আধিক্য। ৩০-০৬-২০১৬ তারিখ ভিত্তিক ব্যাংকের ক্রমপুঞ্জীভূত লোকসান ৬৯৩২.৬৯ কোটি টাকা ও শ্রেণীকৃত ঋণের পরিমাণ ৪৮৪১.৩০ কোটি টাকা যা মোট ঋণের ২৭.৫১%। ব্যাংকের মোট শ্রেণীকৃত ঋণের ৮৩% মন্দভাবে শ্রেণীকৃত। পুনঃ মূলধনীকরণ ও সরকার হতে ব্যাংকের দাবী সমূহ আদায় সময় সাপেক্ষ ব্যাপার এবং সরকারের বাজেটের উপর নির্ভরশীল বিধায় ব্যাংকের আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাসের মাধ্যমে লোকসান ক্রমান্বয়ে হ্রাস করে এবং শ্রেণীকৃত ঋণ আদায়ের মাধ্যমে ব্যাংকের প্রয়োজনীয় প্রতিশনের পরিমাণ কমিয়ে ক্রমান্বয়ে ক্রমপুঞ্জীভূত লোকসান কমিয়ে ব্যাংকের মূলধন ঘাটতি হ্রাস করতে হবে। এজন্য শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০১৬-২০১৭/৭৪(১২৫০) তারিখঃ ১৭-০৭-২০১৬ নং পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ। Asset Quality :

শ্রেণীকৃত ঋণের পরিমাণ ৪৮৪১.৩০ কোটি টাকা যা মোট ঋণের ২৭.৫১%। ব্যাংকের মোট শ্রেণীকৃত ঋণের ৮৩% মন্দভাবে শ্রেণীকৃত। বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ পোর্ট ফলিওর প্রায় ৮০% কৃষি ঋণ যার উপর বাজারভিত্তিক সুদারোপ করা সম্ভব হয় না বিধায় Asset Quality উন্নত করা প্রয়োজন। MoU টার্গেট অনুযায়ী নন পারফর্মিং লোন কমানোর লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে :-

১) অশ্রেণীকৃত ঋণ বৃদ্ধির কল্যাকৌশল :

অশ্রেণীকৃত ঋণ তথা পারফর্মিং এসেট বৃদ্ধির লক্ষ্যে বছরের শুরু থেকেই পরিকল্পিতভাবে পর্যাপ্ত পরিমাণ গুণগত মানসম্পন্ন স্বল্প/মধ্য/দীর্ঘ মেয়াদী ঋণ বিতরণ করতে হবে। এ লক্ষ্যে মাঠ পর্যায়ে বিভিন্ন সময় প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে। অশ্রেণীকৃত ঋণ তথা পারফর্মিং এসেট বৃদ্ধির লক্ষ্যে ঋণ বিতরণের গৃহীতব্য কল্যাকৌশল ও কর্মপরিকল্পনার বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, এস এম ই বিভাগ ও প্রজেক্ট ক্রেডিট বিভাগের সার্কুলার নং যথাক্রমে পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ/ (শনিব্যুটিবি) পরিপত্র নং-০৯/২০১৬ তারিখঃ ১৯-০৬-২০১৬, বিকেবি-প্রকা/ এসএমইবি-৭(৮)/২০১৫-১৬/৫৫২ তারিখঃ ০৯-০৬-২০১৬ ও বিকেবি-প্রকা/প্রক্রেবি-৩(৩৬)/২০১৫-১৬/৫৫১ তারিখঃ ১৩-০৬-২০১৬ সঠিকভাবে পরিপালন করতে হবে।

২) শ্রেণীকৃত ঋণ আদায়ঃ

ব্যাংকের ঋণ বিতরণ ও সকল আর্থিক কার্যক্রম পরিচালনা / সফল বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তহবিলের প্রধান উৎস হলো আদায়কৃত ঋণের অর্থ। ঋণ আদায়ের জন্য প্রয়োজ্য সব ধরনের কল্যাকৌশল অবলম্বনের মাধ্যমে আদায়ে গতিশীলতা আনতে না পারলে অনাদায়ী ঋণ নন-পারফর্মিং ঋণে (NPL) পরিনত হয়ে ব্যাংকের আয় হ্রাস করবে , যা ব্যাংকের সার্বিক কর্মকাণ্ডের উপর নেতিবাচক প্রভাব ফেলবে। ২০১৬-২০১৭ অর্থ বছরে শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২১০০.০০ কোটি টাকা ও শ্রেণীযোগ্য ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫৪০০.০০ কোটি টাকা। উক্ত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার জন্য ঋণ আদায় বিভাগের পরিপত্র নং ডিএমডি-৩ (ঋণ আদায়) পরিপত্র নং - ০১ / ২০১৬ তাং ২৬-০৬-২০১৬ এর নির্দেশনা পরিপালন করতে হবে।

গ। Earning Ratio:

ব্যাংকের আয়ের সিংহভাগই আসে ঋণের সুদ আয় হতে। কিন্তু শ্রেণীবিভ্যাসিত ঋণের আধিক্য ও আদায়ের স্থবিরতা, ৫২-স্থগিত সুদ হতে আয় খাতে স্থানান্তরের পরিমাণ কম হওয়া, অশ্রেণীকৃত ঋণের পরিমাণ কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীত না হওয়া, সুদ মওকুফ/ঋণ অবলোপন প্রভৃতি কারনে ব্যাংকের সুদ আয় কাঙ্ক্ষিত পরিমাণ অর্জিত হয়নি। ব্যাংকের লোকসান হ্রাস করে মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠানে উন্নীতকরনের লক্ষ্যে সুস্থখল আর্থিক ব্যবস্থাপনা গড়ে তোলা ছাড়া কোন বিকল্প নেই। তারই অংশ হিসাবে ব্যাংকের আয় বৃদ্ধি করা আবশ্যিক এবং এজন্য সুদবিহীন / স্বল্প সুদযুক্ত আমানত অর্থাৎ চলতি /সঞ্চয়ী ও স্পেশাল নোটিশ আমানত হিসাব অধিক পরিমাণে খুলতে হবে এবং উচ্চ সুদ যুক্ত আমানত হিসাব বন্ধ করে উক্ত আমানত স্বল্প সুদ যুক্ত আমানত দ্বারা পূরণ করতে হবে। আমানত হিসাব খোলার ব্যাপারে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের সার্কুলার নং - পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ/ (শনিব্যুটিবি) পরিপত্র নং-১০/২০১৬ তারিখঃ ১৯-০৬-২০১৬ অনুসরণ করতে হবে। ব্যাংকের আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাস করার জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর সার্কুলার নং- আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ পরিপত্র নং ১৯/২০১৬ তারিখঃ ০৯-০৬-২০১৬ সঠিকভাবে পরিপালন করা আবশ্যিক।

ঘ। Liquidity Rating:

তারল্য ব্যবস্থাপনা বাণিজ্যিক ব্যাংকের একটি গুরুত্বপূর্ণ সমস্যা। এই সমস্যা অনেক কারণে উদ্ভূত হতে পারে। যে যে ফ্রটির কারণে এরূপ সংকট উদ্ভব হয় তার প্রধান কয়েকটি নিম্নরূপঃ


- ১) স্বল্প মেয়াদী তহবিল দীর্ঘমেয়াদী বিনিয়োগে প্রয়োগ।
- ২) দায়ের বড় অংশ অতি অল্প সময়ে পরিশোধ।
- ৩) সুদের হার অতিশয় সংবেদনশীল।
- ৪) ব্যাংকের বড় গ্রাহকদের তথ্য প্রাতিষ্ঠানিক গ্রাহকদের আমানত ও ঋণ ব্যবহারের প্রতি উদাসীনতা ও সর্বক দৃষ্টির অভাব।
- ৫) ঋণ আদায় ও ঋণ রূপান্তর কার্যক্রম দক্ষতা উন্নয়ন।
- ৬) ব্যাংকের মর্যাদা-স্তর বিন্যাসকারী সংস্থার সংগে যোগাযোগ রক্ষা করা।
- ৭) অদক্ষ কাউন্টার সেবা প্রদান।

অধুনা তারল্য ব্যবস্থাপনার জন্য চাহিদার দাবিতে ও প্রয়োজনের নিরীখে নব নব কৌশল অবলম্বন করে দক্ষ তারল্য ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।

৩। Management Rating:

Management rating এর মান উন্নত করতে হলে মূলধন পর্যাণ্ডতা, শ্রেণীকৃত ঋণের হার কমানো, ব্যাংকের আয় ক্রমান্বয়ে বাড়ানো ও সঠিক মাত্রায় তারল্য মান বজায় রাখতে হবে। এজন্য প্রধান কার্যালয় হতে বিভিন্ন সময়ে গৃহীত বিভিন্ন পদক্ষেপ ও সার্কুলার অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। বিষয়টি অতীব জরুরী।



 (মোঃ আবুল হোসেন)
 উপ-ব্যবস্থাপনা পরিচালক-২

প্রকা/আরএমডি-(৩০)/২০১৫-২০১৬/১৮৮ (১২৫০)

তারিখ : ১৯-০৯-২০১৬ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ,, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।


 (রওনক সাদ ফেরদৌসী)
 উপ-মহাব্যবস্থাপক